



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
এন্টি টেররিজম ইউনিট  
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এডিনিউ  
ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।  
[www.atu.police.gov.bd](http://www.atu.police.gov.bd)



স্মারক নং- পিআর ১২৬/২২

তারিখঃ ১লা অগ্রহায়ন ১৪২৯ বঙ্গাব্দ  
১৬ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

### প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন 'হিববুত তাহরীর' এর পলাতক জঙ্গি/উগ্রবাদীদের সনাক্তকরণের নিমিত্তে জনস্বার্থে আসামীদের ছবি ও তথ্য মিডিয়ায় প্রচার প্রসঙ্গে।

বাংলাদেশে চলমান বেশ কিছু উগ্রবাদী ও জঙ্গি সংশ্লিষ্ট সংগঠনের মধ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিভিন্ন সময়ে ০৮ (আট) টি জঙ্গি সংগঠনকে নিষিদ্ধ ঘোষণা করেছেন এবং এর মধ্যে 'হিববুত তাহরীর' অন্যতম। এই সংগঠনটিকে ২০০৯ সালের ২২ অক্টোবর নিষিদ্ধ ঘোষণা করা হয়। নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন 'হিববুত তাহরীর' এর বেশ কিছু সক্রিয় সদস্য ২৮/০২/২০২০ খ্রি. বিকাল ০৩.৩০ ঘটিকায় অনলাইনে সমাবেশ করেন। তাদের ভাষ্যমতে- "খিলাফত রাষ্ট্রের সংবিধান কিভাবে জনগণের ন্যায্য অধিকার নিশ্চিত করবে, খিলাফত রাষ্ট্রের সংবিধান কিভাবে জনগণের জীবনমান উন্নয়ন ও উন্নত অবকাঠামো নিশ্চিত করবে, খিলাফতে রাশিদাহ্ অতি সন্নিকটে এবং আসন্ন খিলাফত রাষ্ট্র কিভাবে মুসলিম উম্মাহ্ কে ঐক্যবদ্ধ করবে"সহ বিভিন্ন বিষয়ে আলোকপাত করেন। মোঃ ফয়সাল উক্ত অনলাইন সমাবেশে কোরআন তিলওয়াত করেন। পরবর্তীতে আবারো ১৬/১০/২০২০ খ্রি. বিকাল ১৫:০০ ঘটিকায় অনলাইনে সমাবেশ করেন, মোঃ আবু জায়িদ তার ভাষ্য মতে বলেন, "দেশের অর্থনীতি আজ এই ধ্বংসের দ্বারপ্রান্তে কেন?" এই বিষয়ে প্রায় ৩০ মিনিট বক্তব্য রাখেন। আঃ রহমান তার দৃষ্টিভঙ্গি থেকে বলেন, "ধ্বংসপ্রায় অর্থনীতির পুনরুদ্ধার এবং নেতৃত্বশীল অর্থনীতি প্রতিষ্ঠায় আসন্ন খিলাফত রাষ্ট্রের নীতিমালা" নিয়ে প্রায় ৩৩ মিনিট আলোকপাত করেন। মোঃ ইমাদুল আমিন তার মত করে প্রায় ২৩ মিনিট ধরে "খিলাফতে রাশিদাহ্ পুনঃপ্রতিষ্ঠার পথে বাঁধাসমূহ ও সেগুলো উত্তরণে জনগণের প্রতি তাদের দিক নির্দেশনা" প্রদান করেন এবং হাফিজ আল রাজি আবারো উক্ত অনলাইন সমাবেশে কোরআন তিলওয়াত করেন।

উক্ত ঘটনার প্রেক্ষাপটে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন 'হিববুত তাহরীর' এর উগ্রবাদী কার্যক্রম প্রচার-প্রচারণার জন্য ১। মোঃ আবু জায়িদ (৩৫-৪০) ২। শিবলি আহম্মেদ (৪০-৪৫) ৩। মোঃ ইমাদুল আমিন (৪০-৪৩) ৪। মোঃ ফয়সাল (২২-২৬) ৫। আঃ রহমান(২৫-৩০) ৬। হাফিজ আল রাজি(৩০-৩৫) সর্ব পিতা-অজ্ঞাত, মাতা-অজ্ঞাত, ঠিকানা-অজ্ঞাত এর বিরুদ্ধে গুলশান থানার মামলা নং-০৪, তাং- ০২/০৩/২০২০খ্রিঃ, ধারা-সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩) এর ৬(১)/৮/৯(১)/৯(২)/১২/১৩ তৎসহ ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর ৮/৩১/৩৫ এবং গুলশান থানার মামলা নং-২৪, তারিখ-১৯/১০/২০২০খ্রিঃ, ধারা-সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩)এর ৮/৯(৩)/১০/১২/১৩ তৎসহ ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর ২৮/৩১/৩৫ ধারা দায়ের করা হয়। মামলা দায়েরের পরই আসামীগণ বিভিন্ন অজ্ঞাত স্থানে আত্মগোপনে চলে যান।

আসামীগণ দেশ হতে চলমান গণতান্ত্রিক ব্যবস্থাকে উচ্ছেদ করে যেকোন মূল্যে কথিত ইসলামী খেলাফত প্রতিষ্ঠা, বাংলাদেশ রাষ্ট্র বিরোধী ষড়যন্ত্র, ভীতি ও দেশে অস্থিরতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্নভাবে পরিকল্পনা করে আসছে। এছাড়াও তারা সাধারণ জনগণকে তাদের সংগঠনের প্রতি এবং উগ্রবাদী কার্যক্রমে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে সাইবার স্পেস ব্যবহারের মাধ্যমে প্রচার-প্রচারণা চালিয়ে যাচ্ছে। উক্ত আসামীগণ দেশ ও জনগণের শত্রু। মামলাটির তদন্ত সম্পন্ন ও নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন 'হিববুত তাহরীর' এর পলাতক জঙ্গি/উগ্রবাদীদের আসল নাম, ঠিকানা সনাক্তকরণের জন্য জনস্বার্থে আসামীদের ছবি ও তথ্য মিডিয়ায় প্রচার এবং তাদেরকে আইনে সোপর্দ করার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৬/১১/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: [atu.spma@police.gov.bd](mailto:atu.spma@police.gov.bd)

## পলাতক জঙ্গি সদস্যদের সনাক্তকরণে সহায়তা করুন/ধরিয়ে দিন



মোঃ আবু জাফিদ



মোঃ ইমাদুল আমিন



হাফিজ আল রাজি



আঃ রহমান



মোঃ ফরসাল



শিবলী আহমেদ

ডিএমপি গুলশান থানার মামলা নং-২৪, তারিখ-১৯/১০/২০২০খ্রিঃ, ধারা- ৮/৯(৩)/১০/১২/১৩ সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩) এবং ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর ২৮/৩১/৩৫ এবং গুলশান থানার মামলা নং-২৪, তারিখ-১৯/১০/২০২০খ্রিঃ, ধারা-সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩)এর ৮/৯(৩)/১০/১২/১৩ তৎসহ ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর ২৮/৩১/৩৫ এর পলাতক জঙ্গি/উগ্রবাদীদের সম্পর্কে কোন তথ্য জানা থাকলে যোগাযোগ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। তথ্য দাতার পরিচয় সম্পূর্ণ গোপন রাখা হবে। এছাড়াও Inform ATU মোবাইল অ্যাপ ব্যবহার করে নাম পরিচয় গোপন রেখে তথ্য প্রেরণ করতে পারবেন।

### যোগাযোগঃ

এটিইউ হটলাইন: ০১৩২০০২৬৯৯৯

ফেসবুক পেজ: <https://www.facebook.com/atubdpolice>

Inform ATU Mobile App

Email: [atu.controlroom@police.gov.bd](mailto:atu.controlroom@police.gov.bd)